



(<http://bengalnews.info/>)

Breaking News ▶ 30th August 2018 জঙ্গলমহলে হাতি আতঙ্কে মৃত্যু হরিণের

গ্রীন শাটল্ পরিষেবার সূচনা বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে



Bengal News (<http://bengalnews.info/author/csoumen77/>) 30th August 2018 (<http://bengalnews.info/2018/08/30/>)

zero comments (<http://bengalnews.info/2018/08/%e0%a6%97%e0%a7%8d%e0%a6%b0%e0%a7%80%e0%a6%a8-%e0%a6%b6%e0%a6%be%e0%a6%9f%e0%a6%b2%e0%a7%8d-%e0%a6%aa%e0%a6%b0%e0%a6%bf%e0%a6%b7%e0%a7%87%e0%a6%ac%e0%a6%be%e0%a6%b0-%e0%a6%b8%e0%a7%82%e0%a6%ga/#respond>)



পশ্চিম মেদিনীপুর, ৩০ আগস্টঃঃ

পরিবেশ দূষণ রোধে আরো একবার নিজেদের দায়িত্ববোধের পরিচয় দিল মেদিনীপুরের বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়। ইতিমধ্যেই এই বিশ্ববিদ্যালয় মাসের মধ্যে একদিন বিশ্ববিদ্যালয় চত্বরকে 'নো ভেহিক্যালস ডে' হিসাবে এবং একদিন 'নো এন্সি ডে' হিসাবে ঘোষণাকরেছে। 'নো ভেহিক্যালস ডে'তে বিশ্ববিদ্যালয় চত্বরে কেউ বাইক বা গাড়ি নিয়ে না ঢোকে হেটে ঢোকে। 'নো এন্সি ডে'তে গোটা বিশ্ববিদ্যালয় চত্বরে এ সি বন্ধ থাকে। এবার সেই তালিকাতে যোগ হলো গ্রীন শাটল্ পরিষেবা। বৃহস্পতিবার চালু হলো এই পরিষেবা। এদিন দুপুর ৩ টেতে এই গ্রীন শাটল্ এর সূচনা করেন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রঞ্জন চক্রবর্তী। এছাড়াও হাজির ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জয়ন্ত কিশোর নন্দী সহ অন্যান্যরা। রেজিস্ট্রার জয়ন্ত বাবু জানান, "আপাতত বিশ্ববিদ্যালয় চত্বর এর জন্য এই একটি ব্যাটারি চালিত গাড়ি চালু হলো। বিনামূল্যে সকলেই এই গাড়ি ব্যবহার করতে পারবে। আগামী দিনে গাড়ির সংখ্যা আরও বাড়ানো হবে।" পরিবেশ দূষণ রোধে বিশ্ববিদ্যালয়ের এই ভাবনা চিন্তা কে সাধুবাদ জানিয়েছে সব মহলই।